**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Courtesy Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা রেল স্টেশনকে বিশ্বমানের রেল স্টেশনে রূপান্তর করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে এন.এফ রেলওয়ে কর্তৃপক্ষকে পরামর্শ দেন। এনএফ রেলওয়ের নির্মান শাখায় জেনারেল ম্যানেজার অরুণ কুমার চৌধুরীর নেতৃত্বে এক প্রতিনিধিদল গতকাল সচিবালয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকারে মিলিত হন। মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনায় যেসব প্রকল্প উঠে এসেছে তার মধ্যে ছিল রেল লাইনের বৈদ্যুতিকরণের অগ্রগতি, বদরপুর থেকে সাব্রুম পর্যন্ত বৈদ্যুতিক যাত্রীবাহী ট্রেন চালু করা, সিঙ্গেল লাইন রেলওয়ে ট্র্যাককে ডাবল লাইন ট্র্যাকে রূপান্তর করা, আগরতলা-গুয়াহাটি ইন্টারসিটি রেল পরিষেবা চালু করা, ২৩টি রেলওয়ে ওভারব্রীজ তৈরির বর্তমান অবস্থা, রাজ্যের অমৃত ভারত রেলস্টেশনগুলিকে আধুনিকমানের রেল স্টেশনে পরিণত করার বিষয়৷ তাছাড়া আগরতলা-জম্মু, আগরতলা-পুরী এবং আগরতলা-গয়া এক্সপ্রেস ট্রেন চালু, পেঁচারথল থেকে কৈলাসহর হয়ে ধর্মনগর পর্যন্ত বিকল্প রেল লাইনের ব্যবস্থা, জিরানীয়া রেল স্টেশন থেকে বোধজংনগর এবং আর.কে.নগর শিল্পনগরী পর্যন্ত রেল সংযোগ, সাব্রুম রেল স্টেশন থেকে সাব্রুম ইন্টিগ্রেটেড চেকপোস্ট পর্যন্ত রেললাইন স্থাপন, গুয়াহাটি থেকে আগরতলা পর্যন্ত বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চালু সহ সেকেরকোটে ফুয়েল স্টোরেজ ডিপো নির্মাণের অগ্রগতি এবং আগরতলা-আখাউড়া রেল প্রকল্পের

বিষয়েও বিস্তারিত আলোচনা হয়। মুখ্যমন্ত্রী বিভিন্ন স্টেশনগুলির পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উপর গুরুত্ব আরোপ করেন|

**************************

**C.M visit to Unokoti dist:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ উনকোটি জেলা সফরে যাবেন। মুখ্যমন্ত্রী সেখানে উনকোটি জেলায় ৩৪ টি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

মুখ্যমন্ত্রী জেলায় আজ যেসব প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও শিলান্যাস করবেন, সেইসব প্রকল্পের মধ্যে রয়েছে, - উনকোটি জেলাশাসক অফিসের নতুন ভবন, মহকুমা শাসক কার্যালয়, জেলা পরিবহন অফিস, ভেটেরিনারি জেলা হাসপাতাল, একটি নতুন ডি-অ্যাডিকশন জেলা হাসপাতাল, সমাজকল্যাণ দপ্তরের বিভিন্ন প্রকল্প এবং প্রত্যন্ত এলাকায় সরবরাহের জন্য দুটি পানীয়জল প্রকল্প।

এছাড়াও, স্থানীয় ব্যবসায়ীদের সুবিধার্থে একটি বাজার শেডের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

এই উপলক্ষে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে কৈলাশহরের চণ্ডিপুর ব্লক প্রাঙ্গনে। যেখানে মুখ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত থাকবেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়।

**************************

**Tourism Dev. Minister:**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যের পর্যটন শিল্পে বিভিন্ন প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী ১৫০ কোটি টাকার বরাদ্দ দিয়েছেন। গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতের সঙ্গে দেখা করে

রাজ্যে পর্যটন শিল্পে বর্তমানে চালু, নির্মিয়মান ও ভবিষ্যৎ প্রকল্প সম্বন্ধে অবহিত করেন। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী কেন্দ্রীয় মন্ত্রীর কাছে কয়েকটি নতুন প্রকল্পের চূড়ান্ত প্রকল্প রিপোর্ট ডিপিআর পেশ করেন। পর্যটনমন্ত্রী জানিয়েছেন, রাজ্যের পর্যটন শিল্পের উন্নয়নে কেন্দ্রীয় সরকারের তরফে সব রকমের সহযোগিতার আশ্বাস দিয়েছেন কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত l

এদিকে, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আগরতলা থেকে বিভিন্ন রুটে বিমান ভাড়া নিয়ন্ত্রনের জন্য কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রাম মোহন নাইডু কিনজারাপুর হস্তক্ষেপ দাবি করেন| গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী কিনজারাপুর সঙ্গে সাক্ষাৎ করে শ্রী চৌধুরী এই দাবি জানান| তিনি আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দর থেকে বিভিন্ন রুটে বিমান পরিষেবা চালু করার জন্য অনুরোধ জানান|

**************************

**Agri Minister-Rail Station :**

কৃষকদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির জন্য গতকাল থেকে নতুনদিল্লিতে ভারতীয় কৃষি গবেষনা প্রতিষ্ঠানের উদ্যোগে ১০ দিনব্যাপী এক উন্নত প্রশিক্ষণ কর্মসূচী শুরু হয়েছে| এই প্রশিক্ষণ কর্মসূচিতে ত্রিপুরা থেকে কৃষকদের ১০টি দল পাঠানো হবে| কৃষিমন্ত্রী রতন লাল নাথ গতকাল বিকেলে আগরতলা রেলষ্টেশনে ২০ জন কৃষকের প্রথম দলের যাত্রার সূচনা করেন| তেজস রাজধাণী এক্সপ্রেসে এই কৃষকরা গতকাল নয়াদিল্লির উদ্দেশ্যে রওনা হয়েছেন|

**************************

**Waves 2025:**

আগামী মে মাসের ১ থেকে ৪ তারিখ মহারাষ্ট্রের মুম্বাইয়ে অনুষ্ঠিত হবে সংবাদ ও বিনোদন ক্ষেত্রের জন্য প্রথম শ্রবণ, দৃশ্য ও বিনোদন সংক্রান্ত আন্তর্জাতিক

শীর্ষ সম্মেলন, ওয়েভস ২০২৫ ইতিমধ্যে এর অন্তর্গত রিল মেকিং,চলচ্চিত্রের পোস্টার তৈরী, কমিক্স ফিল্ম, এনিমেশন ছবি, ভিস্যুয়াল এফেক্ট সহ নানা ক্যাটাগরিতে অংশগ্রহণকারীদের জন্য চলছে একাধিক চ্যালেঞ্জ ।

তেমনি ওয়েভস ২০২৫ এর অংশ হিসেবে, তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং সৃজনশীল স্টুডিও - ডান্সিং অ্যাটমস-এর বিশেষ মাস্টারক্লাস সিরিজের আয়োজন করেছে। গতকাল ব্লক বাস্টার ছবিসমূহের প্রযোজনা নিয়ে বিকশিতকরণ, অর্থ যোগান, প্রযোজনা বিষয়ে আলোকপাত করে মাস্টার ক্লাস নেন 'বাহুবলী'র প্রযোজক শবু ইয়ারলাগাড্ডা। আজ প্রযোজনা নিয়ে বলবেন অস্কার জয়ী প্রযোজক গুনীত মঙ্গা | তিনি ভারতীয় চলচ্চিত্রকে বিশ্ব বাজারে নিয়ে যাওয়ার কৌশল সহ, প্রযোজনা, অর্থ যোগান ও বন্টন বিষয়ে আলোকপাত করবেন ।আগামীকাল অ্যানিমেশন চরিত্র এবং এর নির্মান নিয়ে বলবেন বিশেষজ্ঞ আরনাউ ওল্লে লোপেজ।

৬ই মার্চ যে কোনো মাধ্যমে কাহিনী সৃষ্টি ও উপস্থাপনা নিয়ে আলোচনা করবেন চিত্রনাট্য লেখক ও সাংবাদিক অনু সিং চৌধুরী|

**************************

**CPIM- Dhananjoy Tripura :**

ককবরক ভাষা আন্দোলনের অন্যতম নেতা ধনঞ্জয় ত্রিপুরার ৫১-তম মৃত্যু দিবস দিবস সিপিআইএমের উদ্দোগে গতকাল যথাযথ মর্যাদায় পালন করা হয়। এ উপলক্ষে সিপিআইএমের উদ্যোগে আগরতলায় স্টুডেন্ট হেলথ হোমে আয়োজিত আলোচনা সভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার ককবরক ভাষা আন্দোলনে ধনঞ্জয় ত্রিপুরার অবদানের কথা উল্লেখ করেন। সিপিআইএম রাজ্য কমিটির সদস্য রাধাচরন দেববর্মাও আলোচনা সভায় বক্তব্য রাখেন। ধনঞ্জয় ত্রিপুরার মৃত্যু দিবস গতকাল দক্ষিণ জেলায় সিপিআইএমের উদ্দোগে নানা কর্মসূচিতে পালিত হয়েছে। সাঁচীরামবাড়ির ধনঞ্জয় মার্কেটে সিপিআইএম

আয়োজিত  ধনঞ্জয় ত্রিপুরা স্মরণসভায় বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, সিপিআইএম নেতা বিজয় তিলক, অরুন ত্রিপুরা, পরীক্ষিত মুড়াসিং প্রমুখ। বিলোনিয়া শহরে আয়োজিত অনুষ্ঠানে ধনঞ্জয় ত্রিপুরার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন বিধায়ক দীপংকর সেন, প্রাক্তন বিধায়ক বাসুদেব মজুমদার প্রমুখ। বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী।

ধনঞ্জয় ত্রিপুরা স্মরণে গোমতী জেলার মূল অনুষ্ঠানটি হয় উদয়পুর কিল্লা বাজারে।

**************************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.২ ডিগ্রি  সেলসিয়াস।

**************************

**************************